সংবাদ

তারিখ 23 AUG 2016
পৃষ্ঠা ২ কলাম ৮

# ঢাবি ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া শুরু

- নতুন দুটি বিভাগ সৃষ্টি
- ২০০ আসন বৃদ্ধি

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদনের কার্যক্রম অনলাইনে শুরু হয়েছে। গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসে উপাচার্য অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক এই আবেদন প্রক্রিয়ার উদ্বোধন করেন। গত বছরের তুলনায় এ বছর প্রায় দুইশ আসন বৃদ্ধি পেয়েছে বলে উপাচার্য জানিয়েছেন। এছাড়া এ বছর নতুন দুটি বিভাগ জাপানিজ স্টাডিজ বিভাগ ও চাইনিজ স্টাডিজ বিভাগে অনার্স কোর্স চালু করা হয়েছে। এ বছর ৬ হাজার ৮০০ আসনের বিপরীতে আবেদযোগ্য প্রার্থী ১৫ লাখ ১১ হাজার ৭৮ জন।

আগামী ৭ সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত আবেদনের শেষ সময়। আবেদনের জন্য টাকা জমা দেয়া যাবে ৮ সেপ্টেম্বর পর্যন্ত। এছাড়া কলা অনুষদের অধীনে 'খ' ইউনিট ও চারুকলা অনুষদের অধীনে 'চ', ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ১১ সেপ্টেম্বর বিকাল তিনটা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত। আর বিজ্ঞান অনুষদের অধীনে 'ক' ইউনিট, ব্যবসায়ে শিক্ষা অনুষদের অধীনে 'গ', ইউনিট এবং সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে 'ঘ' ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ১৫ সেপ্টেম্বর বিকাল তিনটা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত।